REGIONAL NEWS UNIT

ALL INDIA RADIO, AGARTALA
Date:01-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

---

**CABINET DECISIONS :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, JRBT গ্রুপ-ডি পদে নিয়োগ পরীক্ষার ফলাফল আগামী ৭ বা ৮ই সেপ্টেম্বর প্রকাশিত হবে। তিনি জানান, গত শুক্রবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় রাজ্য পুলিশে পুরুষ ও মহিলা কনস্টেবল পদে আরও ৯১৬ জনকে নিয়োগ করা হবে। পুলিশে কনষ্টেবল পদে ১০০০ লোক নিয়োগের যে প্রক্রিয়া চলছে তা শিগগিরই সম্পূর্ণ হবে। নতুন ৯১৬টি পদ তার অতিরিক্ত বলে তিনি জানান। তিনি জানান, পর্যটন দপ্তরে মোট ৫১টি পদে লোক নিয়োগ করা হবে। এরমধ্যে কিছু পদ পদোন্নতির মাধ্যমে ও কিছু পদে সরাসরি নিয়োগ করা হবে। তথ্য প্রযুক্তি দপ্তরেরও ৯টি পদে লোক নিয়োগ করা হবে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে, SPO-দের বেতন বৈষম্য দূরীকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন থেকে SPO-র মাসিক বেতন হবে ১২ হাজার টাকা করে। জলসম্পদ দপ্তরেও পুর এবং পুর নিগম এলাকার পাম্প অপারেটরদের বেতন বৈষম্য দূরীকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানান।

***************************

**Cabinet-Flood :**

রাজ্যে সাম্প্রতিক বন্যায় সামগ্রিক ক্ষয়ক্ষতির পরিমান ১৮ হাজার কোটি  টাকারও বেশি বলে প্রাথমিকভাবে নির্ধারন করা হয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে এ খবর জানান। তিনি জানান, গত শুক্রবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে বিভিন্ন দপ্তর থেকে তথ্য মূলক প্রেজেন্টশান দেওয়া হয়। তিনি বলেন, কৃষিতেই ক্ষতির পরিমান ৩৫০০ কোটি টাকার বেশি হবে বলে প্রাথমিক অনুমান। তাছাড়া রাস্তাঘাট, জাতীয় সড়ক, সেতু, সেচ, পানীয় জল, বিদ্যুত, জল সরবরাহ ইত্যাদি ক্ষেত্রেও ব্যাপক ক্ষতি হয়েছে।

*************************

**Central Team :**

রাজ্যের বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শনের পর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি সি যোশীর নেতৃত্বে ৬ সদস্যের আন্ত:মন্ত্রণালয় কেন্দ্রীয় প্রতিনিধিদল গতকাল নয়া দিল্লি ফিরে গেছেন। নয়াদিল্লি ফিরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে রাজ্যের সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে বিস্‌তৃত রিপোর্ট দেবেন। নয়াদিল্লি ফিরে যাওয়ার আগে গত শুক্রবার সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর অনুরোধে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই প্রতিনিধিদলকে রাজ্যে প্রেরণ করেন। প্রতিনিধিদল দক্ষিণ জেলা, গোমতি জেলা, সিপাহীজলা জেলা ও খোয়াই জেলার বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করেন এবং বন্যার্তদের সঙ্গে কথা বলেন।

*************************

**Poshan Mah :**

কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী গতকাল গান্ধীনগরের মহাত্মা মন্দিরে দেশব্যাপী "রাষ্ট্রীয় পোষণ মাসের" সপ্তম পর্বের সূচনা করেন। পোষন মাসের এই পর্বে অ্যানিমিয়া সচেতনতা, পোষন ভি পড়াই ভি, প্রযুক্তি-ভিত্তিক উদ্যোগ এবং দেশ থেকে অপুষ্টি নির্মূল করার জন্য একটি অতিরিক্ত খাদ্যের উপর আলোকপাত করা হবে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, উন্নত ভারতের রূপকল্প অর্জিত হবে শুধুমাত্র দেশের সুস্থ ও ক্ষমতাশালী নারী ও মেয়েদের নিয়ে।

**************************

**Poshan Mah-State :**

রাজ্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস জানিয়েছেন এ বছরের রাষ্ট্রীয় পোষণ মাসের স্লোগান:- "সুপোষিত কিশোরী, বিকশিত নারী"। সুপোষিত ভারত গঠনের লক্ষ্যে আচরণগত পরিবর্তনের মাধ্যমে মা, শিশু ও কিশোরীদের সুস্বাস্থ্যকে সুনিশ্চিত করা।

তিনি জানান, রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং সব জেলায় বিভিন্ন কর্মসূচী রূপায়নের মাধ্যমে এই পোষণ মাস উদযাপন করা হবে।

**************************

**PM-District Judiciary :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে নারীর বিরুদ্ধে নৃশংসতা এবং শিশুদের নিরাপত্তা সমাজের জন্য গুরুতর উদ্বেগের বিষয়। গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপমে জেলা বিচার বিভাগের দুই দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, সুপ্রিম কোর্টের ৭৫ বছর ভারতের সংবিধান ও সাংবিধানিক মূল্যবোধ এবং ভারতের গণতন্ত্র

হিসেবে আরও পরিণত হওয়ার এক যাত্রা। তিনি বলেন, নারীদের নিরাপত্তার জন্য দেশে অনেক কঠোর আইন করা হয়েছে, তবে তা আরও সক্রিয় করা প্রয়োজন।

****************************

**Agriculture Minister :**

গ্রামীণ এলাকার উন্নয়নে পঞ্চায়েত সমিতির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ব্লক এলাকার দলমত নির্বিশেষে সকল অংশের মানুষের কল্যাণেও নবনির্বাচিত পঞ্চায়েত সমিতিকে কাজ করতে হবে। গতকাল মোহনপুর ব্লক অফিস প্রাঙ্গণে মোহনপুর পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত ১৩ জন সদস্য-সদস্যাকে শপথবাক্য পাঠ করান ডেপুটি কালেক্টর নবকুমার জমাতিয়া। পরে মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হিসেবে রাকেশ দেব এবং ভাইস চেয়ারম্যান হিসেবে সঞ্জীব কুমার দাস শপথ গ্রহণ করেন।

***************************

**Sushanto Chowdhury Minister :**

সিপাহীজলা জেলার কমলা সাগরের কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে আজ থেকে ঐতিহ্য মন্ডিত কমলাসাগর ভাদ্র মেলা শুরু হবে। বিকেল ৫টায় দুই দিনের এই ভাদ্র মেলার উদ্বোধন করবেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টজনদের উপস্থিত থাকার কথা রয়েছে।

*****************************

**Sangrongma Ter :**

সনগ্রংমা তের (Songrongma ter) উপলক্ষে আগামীকাল ২ সেপ্টেম্বর রাজ্যের এলাকায় ছুটি ঘোষণা করা হয়েছে। এডিসির

অতিরিক্ত মুখ্য কার্যনির্বাহী অফিসার সুবল দেববর্মা গতকাল এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছেন।

**************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার লালবাহাদুর ব্যায়ামাগার ও ত্রিবেণী সংঘের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত গতরাতের খেলাটি ১-১ গোলে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

**************************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ৪৬.২ মিলিমিটার। আবহাওয়া বিভাগ থেকে জানানো হয়েছে চলতি বর্ষা মরশুমের ৩১শে আগস্ট পর্যন্ত আগরতলা ও তার আশেপাশে ৪৪ শতাংশের বেশি বৃষ্টি হয়েছে। যেখানে সাধারনত বৃষ্টি হয় ১০০৫ মিলিমিটার সেখানে বৃষ্টি হয়েছে ১৪৫৩ মিলিমিটার। আগরতলায় আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে।

***********************